

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৮২২

আগরতলা, ২২ জুন, ২০২২

**রুদ্রপাল পাড়া অঙ্গনওয়াড়িকেন্দ্রে গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস**

কাঞ্চনবাড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত পশ্চিম রাতাছড়া উপস্বাস্থ্য কেন্দ্রের অধীন রুদ্রপাল পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গত ১৬ জুন গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে এলাকার মোট ২০ জন মা ও শিশু অংশগ্রহণ করেন। এই অনুষ্ঠানে কমিউনিটি হেলথ অফিসার স্নেহাংশু দেব ও এমপিডব্লিও মিঠুন পাল অসংক্রামক রোগ প্রতিরোধের উপায়, শিশুদের নিয়মিত টিকাকরণের উপকারিতা, গর্ভবতী মায়াদের যত্ন ও পুষ্টিকর খাবার গ্রহণের গুরুত্ব, মানুষের সুস্থ দেহ ও মনের বিকাশে যোগার গুরুত্ব, পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতি, বয়ঃসন্ধিকালীন সময় বিভিন্ন সমস্যা ও সমাধানের পথ, ডায়ারিয়া, ডেঙ্গু ও ম্যালেরিয়া প্রতিরোধ নিয়ে সচেতনতামূলক আলোচনা করেন। অনুষ্ঠানের শেষে উপস্থিত সবাইকে পুষ্টিকর খাবার প্রদান করা হয়।

এছাড়াও এদিন গত ১৬ জুন এক স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়, তাতে এলাকার মোট ১৪ জনকে স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অঙ্গনওয়াড়িকর্মী এবং এলাকার আশাকর্মী। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*